দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 NOV 2016
পৃষ্ঠা ৬ কলাম ৭

# ফরম পূরণে যেন অতিরিক্ত ফি না নেওয়া হয়

কিছুদিনের মধ্যে মাধ্যমিক পরীক্ষার ফরমপূরণ শুরু হতে যাচ্ছে। প্রতি বছর মাধ্যমিকসহ বেশ কয়েকটি পরীক্ষায় ফরমপূরণ বাবদ অতিরিক্ত টাকা নেওয়া হয়। অনেক শিক্ষাপ্রতিষ্ঠান সম্পর্কে এ ধরনের অভিযোগ পাওয়া যায়। এ নিয়ে সংবাদমাধ্যমেও অনেক লেখালেখি হয়েছে। কিন্তু অবস্থার কোনো উন্নতি হয়নি। প্রত্যন্ত এলাকার স্কুলগুলোতেও এ প্রবণতা ছড়িয়ে পড়েছে। অনেক সময় শিক্ষকরা অভিভাবকদের কাছ থেকে নানা যুক্তি দেখিয়ে টাকা নিয়ে থাকেন। তাই সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে বিনীত আবেদন এই যে, এ বছর যেন কোনো শিক্ষাপ্রতিষ্ঠানই ফরমপূরণ বাবদ অতিরিক্ত টাকা আদায় করতে না পারে সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

**মো. আবু তাহের মিয়া**
শিক্ষার্থী, কারমাইকেল কলেজ, রংপুর